# পিএফডিএ-ভিটিসিতে ২০২৫ সালের বসন্ত বরন উৎসব উৎযাপন

২০২৫ সালের বসন্তের আগমন উপলক্ষে পিএফডিএ-ভোকেশনাল ট্রেনিং সেন্টার (ভিটিসি) অফিসের ২য় তলায় কারিশমায় ভরা একটি প্রাঞ্জল ও সুশৃঙ্খল বসন্ত বরন উৎসব আয়োজন করে। এ অনুষ্ঠানের মাধ্যমে শিক্ষার্থী, শিক্ষক ও কর্মীরা বসন্ত ঋতুর উষ্ণতা ও সৌন্দর্য উদযাপন করেন এবং বাংলা সংস্কৃতির ঐতিহ্যবাহী মূল্যবোধ ধারণ করে ঋতুরাজের আগমনকে বরণ করেন।

"আহা আজি এ বসন্তে কত ফুল ফুটে, কত পাখি গায়" — এই মনোরম গানের মাধ্যমে বসন্ত উৎসবের সূচনা হয়। রঙিন পোশাকে সেজে শিক্ষার্থীরা আবিরে রঙিন হয়ে পুরো পরিবেশ রাঙিয়ে দেয় এবং এক প্রাণবন্ত পরিবেশ সৃষ্টি হয়।

বসন্ত বরনের অন্যতম আকর্ষণ ছিল শিক্ষার্থীদের সাংস্কৃতিক পরিবেশনা। তারা বসন্তের গান, নৃত্য ও কবিতার মাধ্যমে ঋতুর আনন্দ ও নতুন জীবনের আশার বার্তা ব্যক্ত করে। এই সাংস্কৃতিক আয়োজন শিক্ষার্থীদের মধ্যে উদ্দীপনা ও মনোবলের বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

পিএফডিএ-ভিটিসি দৃঢ় বিশ্বাস করে, বাংলা সংস্কৃতির এই ধরনের ঐতিহ্যবাহী অনুষ্ঠান শিক্ষার্থীদের মানসিক ও সামাজিক বিকাশে সহায়ক এবং তাদের জীবনে সংস্কৃতির স্থান নিশ্চিত করে। বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীরাও এই অনুষ্ঠানকে সফল ও আনন্দময় করে তুলতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে।

প্রতিষ্ঠানটি প্রতিশ্রুতিবদ্ধ যে, ভবিষ্যতেও ঐতিহ্যবাহী সংস্কৃতি ও ঋতুবিহিত আয়োজনের মাধ্যমে শিক্ষার্থীদের মধ্যে পারস্পরিক সম্মান, সংহতি ও সৃজনশীলতার বিকাশ ঘটানো হবে।





